



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদপ্তর

সমাজসেবা অফিসারের কার্যালয়

সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা

website:dss.tejgaoncircle.dhaka.gov.bd



নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.১৮.০০০১.২৫.৬৪

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

অফিস আদেশ

সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে অবহিত হওয়া গেছে— সার্কেল অফিসের কতিপয় কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত সময় অনুযায়ী অফিসে উপস্থিত হচ্ছেন না এবং অফিস চলাকালীন সময়ে যথাযথ অনুমতি ব্যতিরেকে অফিসের বাইরে অবস্থান করছেন। বিষয়টি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে এবং এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করা হয়েছে। পাশাপাশি এ ধরনের অনিয়মের পুনরাবৃত্তি ঘটলে বিধি মোতাবেক প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। তবে, বিশেষ প্রয়োজনবোধে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে সাময়িক অনুপস্থিত থাকা যেতে পারে। এছাড়া অফিস সময়ের মধ্যে দাপ্তরিক বা জরুরি প্রয়োজনে অফিসের বাইরে গমনের ক্ষেত্রে মুভমেন্ট রেজিস্টারে যথাযথভাবে লিপিবদ্ধপূর্বক গমন করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্ধারিত সময় মেনে অফিসে উপস্থিত থাকা এবং অফিস শৃঙ্খলা ও আচরণবিধি যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

১২-০৫-২০২৬
ইনসান আলী
সমাজসেবা অফিসার

নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.১৮.০০০১.২৫.৬৪/১ (৭)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (যোগাযোগ), বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

- ৬। সহকারী পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৭। সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



A handwritten signature in black ink, appearing to be 'Inshan Ali'.

১২-০৫-২০২৬
ইনসান আলী
সমাজসেবা অফিসার